



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.berc.org.bd

গণ-বিজ্ঞপ্তি

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৬.৩৩৫৯

তারিখ : ২৯ আশ্বিন ১৪৩৩
১৪ অক্টোবর ২০২৬

বিষয়ঃ ভোক্তাপর্যায়ে সরকারি এবং বেসরকারি এলপিগিজ'র মূল্যহার পরিবর্তনের প্রস্তাবের বিষয়ে আগ্রহী পক্ষগণকে গণশুনানি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোক্তাপর্যায়ে এলপিগিজ'র মূল্যহার নির্ধারণ/পুনঃনির্ধারণ বিষয়ে রীট পিটিশন নম্বর-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ তারিখের আদেশের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে ১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর মাধ্যমে কমিশন কর্তৃক ভোক্তাপর্যায়ে সরকারি ও বেসরকারি এলপিগিজ'র মূল্যহার নির্ধারণ/পুনঃনির্ধারণ করা হয়। পরবর্তিতে বেসরকারি এলপিগিজ লাইসেন্সিদের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে কমিশন কর্তৃক বেসরকারি এলপিগিজ এবং অটোগ্যাসের মূল্যহার পরিবর্তনসহ মূল্য সমন্বয় করে ১০ অক্টোবর ২০২১ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ জারী করা হয়। উক্ত আদেশের অনুষ্টেদ ৯.৫ এবং সৌদি আরামকো কর্তৃক ঘোষিত মাসভিত্তিক Saudi Contract Price (Saudi CP) এর সাথে সামঞ্জস্য রেখে কমিশন কর্তৃক প্রতি মাসের প্রথম সপ্তাহে বেসরকারি এলপিগিজ'র মূল্য সমন্বয় করে আদেশ জারী করা হচ্ছে।

০২। সরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে বিদ্যমান মূল্যহার পরিবর্তনের জন্য এলপি গ্যাস লিমিটেড (এলপিগিজএল); বেসরকারি এলপিগিজ'র মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ, ডিস্ট্রিবিউটর চার্জ এবং রিটেইলার চার্জসহ ভোক্তাপর্যায়ে এলপিগিজ'র মূল্যহার পরিবর্তনের জন্য কতিপয় বেসরকারি এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি; এবং এলপিগিজ'র ডিস্ট্রিবিউটর চার্জ পরিবর্তনের জন্য কতিপয় এলপিগিজ ডিস্ট্রিবিউটর লাইসেন্সি বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) অনুযায়ী কমিশনে প্রস্তাব দাখিল করেছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) অনুযায়ী উক্ত প্রস্তাবসমূহের বিষয়ে নিম্নবর্ণিত স্থান এবং সময় অনুযায়ী আগ্রহী পক্ষগণের গণশুনানি অনুষ্ঠিত হবে:

গণশুনানির তারিখ ও সময়	গণশুনানির বিষয়	গণশুনানির স্থান
২৯ অক্টোবর ২০২৬ সকাল ১০:০০ টা - বিকাল ০৪:০০ টা	সরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মূল্যহার; বেসরকারি এলপিগিজ'র মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ, ডিস্ট্রিবিউটর চার্জ এবং রিটেইলার চার্জসহ ভোক্তাপর্যায়ে এলপিগিজ'র মূল্যহার পরিবর্তনের প্রস্তাবের বিষয়ে গণশুনানি।	শহীদ এ.কে.এম. শামসুল হক খান মেমোরিয়াল (অডিটোরিয়াম) হল বাংলাদেশ ইন্সটিটিউট অব এডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন ৬৩ নিউ ইন্সটান, ঢাকা ১২১৫


০৩। আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা-কে ২৭ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে গণশুনানি-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশনে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। অধিকন্তু, গণশুনানিতে অংশগ্রহণের নিমিত্ত ২৭ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্তির জন্যও অনুরোধ করা হ'ল।

০৪। তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা উল্লিখিত তারিখে অনুষ্ঠেয় গণশুনানিতে অংশগ্রহণপূর্বক সরকারি এলপিগিজ'র মূল্যহার, বেসরকারি এলপিগিজ'র মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ, ডিস্ট্রিবিউটর চার্জ, রিটেইলার চার্জসহ ভোক্তাপর্যায়ে মূল্যহার ইত্যাদি বিষয়ে বিশ্লেষণধর্মী তথ্য-উপাত্ত ও সংশ্লিষ্ট দলিলাদি উপস্থাপন করতে পারবেন।

০৫। সরকারি এবং বেসরকারি এলপিগিজ'র মূল্যহার পরিবর্তন সংক্রান্ত লাইসেন্সিসমূহের প্রস্তাব অফিস চলাকালীন সময়ে কমিশন কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও কমিশনের ওয়েব সাইট www.berc.org.bd থেকে ডাউনলোড করা যাবে।

০৬। নির্ধারিত গণশুনানিতে অংশগ্রহণ বা উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

কমিশনের নির্দেশক্রমে,


মোঃ নজরুল ইসলাম সরকার

সচিব, বিইআরসি।

ফোন: ০২-২২৬৬৪০৯০৫